

ফাতওয়া নাম্বার: ১৪

প্রকাশকাল: ২৭ এপ্রিল, ২০২০ ইং

সুদি ঋণে কেনা গাড়ির ইনকাম কি জায়েয হবে?

প্রশ্ন:

আসসালামু আলাইকুম। জনাব মুফতি সাহেব! কোনো ব্যক্তি ব্র্যাক ব্যাংক থেকে সুদে ঋণ নিয়ে গাড়ি ক্রয় করল। পরবর্তীতে ওই ব্যক্তি উক্ত গাড়ি দ্বারা ইনকাম করা শুরু করল। এখন আমার প্রশ্ন, উক্ত গাড়ি দ্বারা ইনকাম করা কি জায়েয হবে এবং ইনকামে যে টাকা আসবে তা কি হালাল হবে?

নিবেদক

ইমতিয়াজ হাছান

উত্তর:

ওয়াআলাইকুমুস সালাম ওয়ারাহমাতুল্লাহ!

সুদ নেয়া ও দেয়া উভয়টিই হারাম। পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَذَرُوا مَا بَقِيَ مِنَ الرِّبَا إِن كُنْتُمْ مُؤْمِنِينَ * فَإِنْ لَمْ تَفْعَلُوا فَأْذَنُوا بِحَرْبٍ مِنَ اللَّهِ وَرَسُولِهِ. البقرة:

279278

“হে ঈমানদারগণ! আল্লাহকে ভয় কর এবং সুদের যা বকেয়া আছে তা ছেড়ে দাও; যদি তোমরা মুমিন হও। যদি তা না কর, তবে আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষ হতে যুদ্ধের ঘোষণা শুনে নাও।” -সূরা বাকারা (২): ২৭৮-২৭৯

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুদি লেনদেনে জড়িত সকলকে লা'নত করেছেন। হযরত জাবের রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত-

لعن رسول الله -صلى الله عليه وسلم- أكل الربا وموكله وكتابه وشاهديه وقال هم سواء. -صحيح مسلم، رقم: 4177؛ ط. دار الجيل بيروت + دار الأفاق الجديدة - بيروت

“সুদ গ্রহীতা, সুদ দাতা, সুদি লেন-দেনের লেখক ও তার স্বাক্ষরীদয়, সকলের উপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লা'নত করেছেন এবং বলেছেন, এরা সবাই সমান।” -সহীহ মুসলিম ৪১৭৭

কাজেই ব্যাংক থেকে সুদে ঋণ নেয়া হারাম হয়েছে, তা থেকে তাওবা করতে হবে। তবে সেই ঋণ দিয়ে খরিদকৃত গাড়ির তিনি মালিক হয়ে গেছেন। তা দ্বারা হালাল পন্থায় ইনকাম করা জায়েয এবং সে ইনকামও হালাল। মুফতি আজিজুর রহমান উসমানি রহ. বলেন,

سودی فترض لے کر جو زمین خریدی جائے وہ مملوک ہو
جبائی ہے مگر اس میں کراہت ہے، اور سود دینے کا گناہ ہوگا، اور

اس کی پیسید اور حلال ہے۔ فتاویٰ دارالعلوم دیوبند، ج: 14، ص:
488، ط. مکتبہ دارالعلوم دیوبند

“سودی کھاؤن نیئے یے یمین کھنا হয়، তার মালিকানা হয়ে যায় এবং তা থেকে উৎপাদিত ফসল হালাল। তবে সুদ দেয়ার গুনাহ হবে।” –ফাতাওয়া দারুল উলূম দেওবন্দ ১৪/৪৮৮

আরো দেখুন: ইমদাদুল ফাতাওয়া ৩/১৬৯, ইসলাম ওয়েব, ফতোয়া নং ৬৮১৬৫

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি

৩ রা রমজান, ১৪৪১ হি.

২৭ এপ্রিল, ২০২০ ইং

